**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১২৫.০২৫/২.০০১.১২.১০৮ তারিখ ঃ ৩০ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ / ১২ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি এর সফরসঙ্গী হিসেবে তাঁর একান্ত সচিব জনাব এম. মাসুম এর সুইজারল্যান্ড এবং লন্ডন সফরের অনুমতি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এম.পি, আগামী ০৬ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৭ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সুইজারল্যান্ডের জেনেভায় Human Rights Committee কর্তৃক বাংলাদেশের International Covenant on Civil and Political Rights (ICCPR) সংক্রান্ত প্রারম্ভিক প্রতিবেদন বিবেচনা সভায় বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা হিসেবে অংশগ্রহণ করবেন। সুইজারল্যান্ড সফর শেষে মাননীয় মন্ত্রী ০৮ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ হতে ০৯ মার্চ ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক আয়োজিত খসড়া নাগরিকত্ব আইন (Draft Citizenship Act) নিয়ে প্রবাসী বাংলাদেশীদের সাথে মত বিনিময় করবেন। বর্ণিত সফরে মাননীয় মন্ত্রীর একান্ত সচিব জনাব এম. মাসুম তাঁর সফরসঙ্গী হবেন। মাননীয় মন্ত্রীর সফরসঙ্গী হিসেবে তাঁর একান্ত সচিব জনাব এম. মাসুম এর আগামী ০৫ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ হতে ১০ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত সুইজারল্যান্ড এবং লন্ডন গমনের নিমিত্ত নিম্নলিখিত শর্তে সরকারের অনুমোদন জ্ঞাপন করছিঃ

**শর্তসমূহঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিবের উক্ত সফরের ব্যয়ভার অত্র বিভাগের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে।

২। উক্ত সফর উপলক্ষ্যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সফরসঙ্গী হিসেবে তাঁর একান্ত সচিব জনাব এম. মাসুম আগামী ০৫/০৩/২০১৭ খ্রিঃ তারিখ বা নিকটবর্তী সময়ে সুইজারল্যান্ড গমন করবেন এবং ফিরতি পথে লন্ডন হয়ে আগামী ১০/০৩/২০১৭ খ্রিঃ তারিখ বা নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন।

৩। তাঁর এ সফরে মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদন রয়েছে।

স্বাঃ
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং ৫০৩, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নং ১০.০০.০০০০.১২৫.০২৫/২.০০১.১২.১০৮ তারিখ ঃ ৩০ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ / ১২ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (নোট ভারবালের অনুরোধসহ)।
০২. জনাব এম. মাসুম, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৪. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৭. পরিচালক, হযরত শাহ্জালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৮. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহ্জালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. গার্ড কপি।
১২. অফিস কপি।

১২/০২/১৭
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব